



স্মারক নং ইআবি/একা-৫/ফা.ভর্তি/২০১৫/ ৩৫২০

তারিখ: ২৭/০২/২০১৫

ফাজিল (পাস) ২য় বর্ষে ভর্তি/সেশন ফি' জমাদান সংক্রান্ত বিজ্ঞপ্তি

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল ফাজিল ও কামিল মাদরাসার অধ্যক্ষগণসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে ফাজিল পাস শ্রেণীতে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের ফাজিল পাস ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এর ফলাফল প্রকাশিত হওয়ার পরপরই নিম্নবর্ণিত তফসিল অনুসারে ভর্তি কার্যক্রম শুরু করতে হবে।

তফসিল:

(ক) সংশ্লিষ্ট মাদরাসাসমূহ তাদের স্ব স্ব মাদরাসায় ফাজিল পাস পরীক্ষার ফলাফল প্রকাশের ১ মাসের মধ্যেই ছাত্র-ছাত্রীদের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের নিম্নবর্ণিত সেশন ফি'সহ অন্যান্য ফি' আদায় স্বাপেক্ষে ফাজিল পাস ২য় বর্ষের ভর্তির কাজ সম্পন্ন করতে হবে। আদায়কৃত অর্থ ব্যাংকে জমা দিয়ে আদায়কৃত ফি'-এর অর্থের ব্যাংক অনলাইন/টি.টি, রশিদ পরবর্তী ১৫ দিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।


(খ) ছাত্র-ছাত্রীদের ফাজিল পাস ২য় বর্ষের ভর্তি/সেশন ফি' প্রতি ছাত্র/ছাত্রী নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো। উক্ত ফি' সমূহের মধ্যে ভর্তি/সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থ মাদরাসা পাবে এবং অবশিষ্ট ৫০% অর্থসহ অন্যান্য ফি' বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে।

| শ্রেণী | ভর্তি/সেশন ফি' | ক্রীড়া ফি' | রোভার স্কাউটস/বি.এন.সি.সি ফি' |
|-----------|----------------|-------------|-------------------------------|
| ফাজিল পাস | ২৫০/- | ৫০/- | ২৫/- |

(গ) স্ব স্ব মাদরাসা কর্তৃপক্ষ সংশ্লিষ্ট ছাত্র-ছাত্রীদের ফাজিল পাস ২য় বর্ষে ভর্তি সম্পন্ন হওয়ার ঠিক পরের দিনই আদায়কৃত ফি' সমূহ {সেশন ফি' ও ক্রীড়া ফি' বাবদ আদায়কৃত অর্থের ৫০% অর্থসহ অন্যান্য ফি' অর্থাৎ প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা- এর হিসাব নম্বর : (STD) 0200004383365 অগ্রণী ব্যাংক, সাতমসজিদ রোড শাখা-এর অনুকূলে {অগ্রণী ব্যাংকের অনলাইন ব্যাংকিং/ টি.টি.(যেখানে অনলাইন ব্যাংকিং নেই) ছাড়া অন্য কোন ব্যাংকের ড্রাফট/টি.টি গ্রহণ করা হবে না} জমা দিতে হবে। উক্ত অনলাইন ব্যাংকিং/ টি.টি. রশিদের সাথে ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকাও জমা দিতে হবে।

(ঘ) ফাজিল পাস শ্রেণীতে রেজিস্ট্রেশন প্রাপ্ত যে সকল ছাত্র-ছাত্রী ফাজিল পাস ১ম বর্ষ পরীক্ষা-২০১৬ এ অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অনুত্তীর্ণ হবে সে সকল ছাত্র-ছাত্রীকেও পরবর্তী শিক্ষাবর্ষে (Immediate Year) (রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা স্বাপেক্ষে) বিধি অনুযায়ী উপরোক্ত ফি' প্রদান {প্রতি ছাত্র-ছাত্রী ১৭৫/- (একশত পঁচাত্তর) টাকা হারে} স্বাপেক্ষে ফাজিল পাস পরীক্ষার ফলাফল প্রকাশের ১ (এক) মাসের মধ্যে ভর্তি হতে হবে এবং ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের তালিকাসহ আদায়কৃত অর্থের ব্যাংক অনলাইন সম্পন্ন করে ১৫ দিনের মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের বহিলা, মোহাম্মদপুরস্থ অস্থায়ী কার্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

(ঙ) সকল ছাত্র-ছাত্রীর আদায়কৃত ফি' সমূহ একটি ব্যাংক স্লিপের মাধ্যমে জমা দেওয়া যাবে, তবে শিক্ষাবর্ষ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের তালিকা আলাদা আলাদা করে জমা দিতে হবে।


২৭/৩/১৫
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়